



তারিখ 23 FEB 1987
পৃষ্ঠা... 1... 6...

নিম্নবিত্ত পরিবারের কেউ ছাত্র নেতা হতে পারেন না

॥ ইনকিলাব রিপোর্ট ॥
নিম্নমধ্যবিত্ত কিংবা নিম্নবিত্ত পরিবার থেকে আগত কোন ছাত্র ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্র নেতা হবার সুযোগ পান না। ছাত্র নেতৃত্বে শতকরা ৪৩ ভাগই আসেন উচ্চমধ্যবিত্ত পরিবার থেকে। উচ্চবিত্ত পরিবার থেকে আসেন শতকরা ২৮ ভাগ এবং মধ্যবিত্ত পরিবার থেকে বাকী ২৯ ভাগ।
ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা

ইন্সটিটিউট কর্তৃক পরিচালিত এক গবেষণায় উপরোক্ত তথ্য জানা গেছে। ১৯৮৩-৮৪ শিক্ষা বর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র নেতাদের মধ্যেই এই গবেষণা চালানো হয়। ৭টি বিভিন্ন সংগঠনের মোট ৭৫ জন নেতা এই গবেষণার আওতায় নেয়া হয়। এই গবেষণায় সকল অনুযয়, হল প্রতিনিধি, সংশ্লিষ্ট সংগঠনের হল শাখা বা কেন্দ্রীয় নেতা এবং ডাকসু ও হল ইউনিয়ন নেতৃবৃন্দকেও এই গবেষণার আওতায় নেয়া হয়। এই গবেষণা পরিচালনা করেন জনাব শাহজাহান তপন ও শিবানী মজুমদার।

গবেষণায় প্রাপ্ত উপাত্ত বিশ্লেষণে জানা শেষ পৃঃ ৩-এর কঃ দেখুন

ছাত্র

প্রথম পৃষ্ঠার পর
যায়, ৪১ শতাংশ ছাত্র নেতার অভিভাবকেরই দেশের সর্বোচ্চ বেতনেরও বেশী আয় হয়। শতকরা ৮ ভাগের মাসিক আয় (১৯৮৪ সালে) ১০ হাজার টাকারও বেশী। অধিকাংশ ছাত্র নেতার অভিভাবকই তাদের সাধারণ পেশার অতিরিক্ত ব্যবসা পরিচালনা করেন। এই গবেষণায় এটিও জানা গেছে যে, আগে থেকেই তারা ব্যবসায়ী ছিলেন না বরং রাজনীতির সুবাদেই এই ব্যবসা গুছিয়ে নিয়েছেন।